



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা।
Website: www.brdb.gov.bd


স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.০৫.০০৩.০৭.১৫৬৪

তারিখ: ১০/০২/২০১৬খ্রি:

বিষয়: দাপ্তরিক যোগাযোগ ও তথ্য আদান প্রদানে ই-মেইল এবং ফেইজবুক পেইজ এর ব্যবহার বৃদ্ধিকরণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা- ২০১৫ এ সরকারী পর্যায়ে দপ্তর/সংস্থায় “দাপ্তরিক কাজে ইলেকট্রনিক পদ্ধতি ব্যবহার বৃদ্ধি করে কাগজের ব্যবহার হ্রাস” করণীয় বিষয় নির্ধারণ করা হয়েছে। বিআরডিবি আইসিটি কর্মপরিকল্পনায় বর্ণিত করণীয় বিষয়টি স্বল্পমেয়াদী করণীয় বিষয় হিসেবে গ্রহণ করেছে। এ আলোকে ২০১৬ সনের মধ্যে দাপ্তরিক যোগাযোগ ও তথ্য আদান প্রদানে ই-মেইল এর ব্যবহার বৃদ্ধি এবং কাগজের ব্যবহার হ্রাস নিশ্চিতকরণের লক্ষ্যে বিআরডিবি’র সদর দপ্তরের সকল বিভাগ ও শাখা, জেলা দপ্তর এবং উপজেলা দপ্তরের জন্য নিজস্ব ওয়েবমেইল নির্ভর দাপ্তরিক ই-মেইল আইডি প্রস্তুত করা হয়েছে (যেমন-ddprog@brdb.gov.bd)। প্রস্তুতকৃত ই-মেইল আইডি ব্যবহার করে সদর দপ্তর ও জেলাদপ্তর সমূহের মধ্যে যোগাযোগ ও তথ্য আদান প্রদান চালু আছে। জানুয়ারী/২০১৬ থেকে উপজেলা দপ্তরসমূহের জন্য ই-মেইল আইডি প্রস্তুত ও সক্রিয় করা হয়েছে। পাশাপাশি দাপ্তরিক তথ্য আদান প্রদান, মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের উদ্ভাবনী আইডিয়া, কর্মক্ষেত্রের সফলতা ও বিভিন্ন সমস্যা এবং তাঁর সম্ভাব্য সমাধান ইত্যাদি বিষয়ে মত বিনিময়ের লক্ষ্যে বিআরডিবি’র কর্মকর্তা/কর্মচারীগণের জন্য ফেইজবুক পেইজ (www.facebook.com/brdb.gov) খোলা হয়েছে। উপজেলা দপ্তরসমূহের ই-মেইল আইডি ব্যবহারপূর্বক দাপ্তরিক যোগাযোগ ও তথ্য আদান প্রদান করে কাগজের ব্যবহার হ্রাস নিশ্চিত এবং ফেইজবুক পেইজ ব্যবহার করে বিআরডিবি’র কর্মকর্তা/কর্মচারীগণকে মত বিনিময় বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য দাপ্তরিক ই-মেইল আইডি ব্যবহার শুরু করার জন্য পাসওয়ার্ড সংগ্রহ ও যে কোন সমস্যার বিষয়ে সদর দপ্তরের প্রোগ্রামিং শাখায় কর্মরত এআরডিও, শেখ জাহাঙ্গীর আলম এর সাথে (মোবাইল নং-০১৭১৮০৪০২৭৬) যোগাযোগ করা যেতে পারে।


10.02.2016

মো: আলমগীর হোসেন আল নেওয়াজ
উপপরিচালক (প্রোগ্রামিং)
বিআরডিবি, ঢাকা।

অনুলিপি বিতরণ: অবগতির জন্য-

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), বিআরডিবি, উপজেলা:..... জেলা:
- ২। উপপরিচালক (সকল) বিআরডিবি,
- ৩। যুগ্মপরিচালক (সিসিএম/সম্প্রসারণ/আরইএম) বিআরডিবি, ঢাকা।
- ৪। মহাপরিচালক এর একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। জনাব,..... বিআরডিবি, ঢাকা ও সদস্য ইনোভেশন টিম।
- ৬। পরিচালক (প্রশাসন/ অর্থ/পরিকল্পনা/সরেজমিন/প্রশিক্ষণ) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৭। অফিস নথি